# ইন্টারনেটে অর্থ উপার্জনের কৌশল

পর্ব-১৪

ইঞ্জিনিয়ার নাহিদ মিথুন

কমপিউটার জগৎ-এর নিয়মিত বিভাগ 'ঘরে বসে আয়'-এর প্রশিক্ষণভিত্তিক ধারাবাহিক লেখার এ পর্বে এসইও (SEO)-এর কিছু গুরুত্ব পূর্ণ বিষয় আলোচনা করা হয়েছে।

## মেটা ট্যাগ ডেসক্রিপশনের গুরুত্ব

মেটা ট্যাগ ডেসক্রিপশন খুব গুরুত্বপূর্ণ। কারণ, গুগল ইউজার সার্চের ফলাফল আপনার ওয়েবপেজের সংক্ষিপ্ত বর্ণনা মেটা ট্যাগ ডেসক্রিপশন থেকে নিয়ে থাকে। মেটা ট্যাগ ডেসক্রিপশন সঠিকভাবে না পেলে গুগুল বিকল্প হিসেবে ওডিপি ডাটা থেকে আপনার ওয়েবপেজের সংক্ষিপ্ত বর্ণনা নিয়ে দেখাবে। গুগল দেখবে ব্যবহারকারীর কোয়েরির সাথে আপনার মেটা ডেসক্রিপশন মেলে কি না, যদি মেলে তবে সার্চ রেজাল্টে আপনার ওয়েবপেজের সংক্ষিপ্ত বর্ণনা বোল্ড আকারে দেখাবে।

```
<head>
<title>Mentorbd.net–Best Outsourcing training in Bangladesh</title>
<meta name description content= " " />
</head>
<body>
```

সবচেয়ে উপযোগী কাজ হলো আপনার প্রত্যেকটি ওয়েবপেজের জন্য আলাদা মেটা ট্যাগ ডেসক্রিপশন দেয়া। আপনার প্রত্যেকটি ওয়েবপেজের জন্য আলাদা মেটা ট্যাগ ডেসক্রিপশন না দিলে আপনার সাইটের বিষয়বস্তু গুগল সঠিকভাবে সার্চ রেজাল্টে দেখাতে পারবে না, যা আপনার ওয়েবসাইটের সার্চ ইঞ্জিন র‌্যাঙ্কিংয়ে বিরূপ প্রভাব ফেলবে। সঠিক মেটা ট্যাগ ডেসক্রিপশনের ব্যবহারের কারণে ভিজিটরের সংখ্যা বাড়িয়ে দেবে।




## গুরুত্বপূর্ণ কাজ

সঠিকভাবে প্রত্যেকটি ওয়েবপেজের বিষয়বস্তুর সংক্ষিপ্ত বর্ণনা দেয়া।

আপনার ওয়েবপেজের সাথে সামঞ্জস্য নয় এমন কিছু লেখা যাবে না।

ওয়েবপেজের কিছু অংশ মেটা ডেসক্রিপশনে ব্যবহার করা যাবে না।

প্রত্যেকটি ওয়েবপেজের জন্য স্বতন্ত্র মেটা ডেসক্রিপশন লিখুন।

## আপনার ওয়েবসাইটে ইউজার ফ্রেন্ডলি ইউআরএল ব্যবহার করুন

সঠিক ইউআরএল নয়।

সঠিক ইউআরএল উদাহরণ।

ভিজিটর সাধারণত বড় ও জটিল ইউআরএল পছন্দ করে না এবং সার্চ ইঞ্জিন রোবট ও সহজেই সাইট ক্রল করতে পারে, যা আপনার সার্চ ইঞ্জিন র‌্যাঙ্কিং আরও ভালো হওয়ায় সহায়তা করে।

যেমন http://mentorbd.net/?;123 ইউআরএলটির চেয়ে http://mentorbd.net/earn-from-home.html ইউআরএলটি ভালো ও সঠিক হবে।

আপনার সাইটের ইউআরএলের ভেতর কিবোর্ড ব্যবহার করুন।

যেমন http://mentorbd.net/your-questions-and-answers/

কিওয়ার্ড ব্যবহারের ফলে সার্চ ইঞ্জিন র‌্যাঙ্কিং যেমন বাড়বে, তেমনি ভিজিটরদের জন্য তা মনে রাখা সহজ হবে।




চিত্র-০২

## আপনার ওয়েবসাইটের ডিরেক্টরি স্ট্রাকচার সহজ ও অর্থবোধক নামে তৈরি করুন

আপনার সাইটের ফোল্ডারের নামগুলো ছোট ও অর্থবোধক শব্দে তৈরি করুন, যাতে ভিজিটর বুঝতে পারে তারা আপনার ওয়েবসাইটের কোন টপিকের কোন পেজে আছে। আপনার ওয়েবপেজগুলোর বিষয়বস্তু অনুযায়ী নামকরণ করা ফোল্ডারে রাখুন।

## এক ভার্সনের ইউআরএল ব্যবহার করুন :

এক ভার্সনের ইউআরএল বলতে বোঝাচ্ছে http://www.mentorbd.net/training.html

www mn url

অথবা

http://mentorbd.net/training.html /


www ছাড়া url

এক ভার্সন ইউআরএল ব্যবহার করার আরেকটি কারণ হলো এটি গুগল সার্চ ইঞ্জিনের জন্য খুব জরুরি। কারণ, http://mentorbd.net/training.html abong http://www.mentorbd.net/training.html এই দুটি ইউআরএল দিয়ে ওয়েব সার্ভারের কাছে রিকোয়েস্ট পাঠালে সম্পূর্ণ ভিন্ন ধরনের ওয়েব কনটেন্ট পাঠাতে পারে। তাই সার্চ ইঞ্জিন র‌্যাঙ্কিংয়ের কথা বিবেচনা করে one version of urls ব্যবহারের দিকে মনোযোগ দিতে হবে। এখন কোনো ভিজিটর যদি http://mentorbd.net/ ইউআরএলটি ব্যবহার করে এবং কেউ http://www.mentorbd.net/ ব্যবহার করে; তাহলে উভয়েই যাতে http://www.mentorbd.net/-এ যায় তার ব্যবস্থা ওয়েব সার্ভার থেকে করতে হবে।

যাকে বলা হয় ৩০১ (পারমানেন্ট) রিডিরেক্ট। এর মাধ্যমে গুগল রোবট বুঝতে পারবে আপনি ডিফল্ট ও ক্যানোনিক্যাল ইউআরএল হিসেবে কোনটি বেছে নিয়েছেন– http://www.mentorbd.net/ নাকি http://mentorbd.net/। এর ফলে আপনি যদি আপনার ওয়েবসাইটে ডায়নামিক কনটেন্ট ব্যবহার করেন, তবে গুগল গ্রহণ করবে একটিই ভার্সন ▸

ইউআরএল। ফলে আপনার সার্চ ইঞ্জিন অপটিমাইজেশন নিয়ে এ ব্যাপারে আর কোনো সমস্যা হবে না।

আপনার সাইটের ৩০১ রিডিরেক্ট কয়েকভাবে করতে পারেন। যার একটি হলো সিপ্যানেল (cPanel) থেকে। সিপ্যানেলে লগইন করার জন্য http://www.yoursite.com/cpanel লিখুন। এরপর ইউজারনেম ও পাসওয়ার্ড দিয়ে লগইন করুন।




চিত্র-০৩

## অ্যাঙ্কোর টেক্সট ব্যবহার

অ্যাঙ্কোর টেক্সট হচ্ছে Hyper lineked text বা Hyper lineked keyword, যেখানে ক্লিক করলে ওই পেজের নির্দিষ্ট অংশে অথবা ওই সাইটের ভেতরে বা বাইরের সাইটের অন্য কোনো পেজের নির্দিষ্ট অংশে পৌঁছানো যায়। এটি সার্চ ইঞ্জিন র‌্যাঙ্কিংয়ের জন্য খুবই গুরুত্বপূর্ণ।


অ্যাঙ্কোর টেক্সট লিঙ্ক দিয়ে গুগল রোবট বুঝতে পারে কোন কিওয়ার্ডের ভিত্তেতে কোন পেজ এবং কি বিষয়বস্তুকে লিঙ্ক করা হয়েছে।

যে টেক্সটকে hyper link করবেন, তা অবশ্যই যেন কিওয়ার্ড হয়। এমন কোনো কিওয়ার্ডকে hyper link করা যাবে না, যার বিষয়বস্তুর সাথে মিল নেই। বড় বাক্যকে অ্যাঙ্কোর টেক্সট হিসেবে ব্যবহার করা ঠিক নয়। অ্যাঙ্কোর টেক্সটকে এমনভাবে ফরম্যাট করবেন যাতে সহজে দৃষ্টিগোচর হয়। অতিরিক্ত অ্যাঙ্কোর টেক্সট ব্যবহার করা ঠিক নয়। যেসব অ্যাঙ্কোর টেক্সট অপ্রয়োজনীয় তা ব্যবহার করা ঠিক নয়।

এবার আমরা শিখব কীভাবে Html/static web page-এ অ্যাঙ্কোর টেক্সট ইনসার্ট করতে হয়।

এ কাজটি করার জন্য ড্রিমওয়েভার সফটওয়্যারের সাহায্য নেয়া যেতে পারে।

প্রথমে গন্তব্য পেজের নির্দিষ্ট অংশের টাইটেল সিলেক্ট করুন এবং ড্রিমওয়েভারের Insert→Named Anchor-এ ক্লিক করুন।




চিত্র-০৪

এবার এই Named Anchor-এর একটি নাম দিন। যেকোনো নাম দিতে পারেন, তবে মনে রাখতে হবে hyper link হওয়া পর্যন্ত। নিচের ছবিটি দেখুন।

এবার যে text/keyword-কে hyper link করবেন সেটিকে সিলেক্ট করুন। এবার চিত্র অনুযায়ী ‘Link’-এর ঘরে # চিহ্নের সাথে Named Anchor-এর ঘরে দেয়া নামটি বসান, যেটি দেখাবে এমন >> #givenname <<। এবার





চিত্র-০৫

ওয়েবপেজটিকে সেভ করুন ftp-এর মাধ্যমে Hostin- এ আপলোড করুন। তাহলেই এটি কাজ করবে অর্থাৎ নির্দিষ্ট text/keyword-এ ক্লিক করলে টার্গেট পেজের নির্দিষ্ট অংশে ভিজিটরকে নিয়ে যাবে।

মনে রাখবেন, যদিও আমরা Anchor text দেয়া শিখলাম ড্রিমওয়েভার সফটওয়্যার দিয়ে static html web page-এ, তবে এটি সব CMS-এ যেমন– wordpress, joomla, drupal ইত্যাদিতেও করা যায়। একইভাবে blogspot.com, hubpages.com, weebly.com ইত্যাদিতেও করা যায় এবং আমাদের অবশ্যই করতে হবে সার্চ ইঞ্জিন র‌্যাঙ্কিংয়ের খাতিরে।

## ইমেজ অপটিমাইজেশন

এবার আমরা শিখব সার্চ ইঞ্জিন র‌্যাঙ্কিংয় পাওয়ার জন্য সাইটে ব্যবহার হওয়া ইমেজকে নিয়ে কৌশল অবলম্বন করতে হয়।




চিত্র-০৬

এ ক্ষেত্রে আমাদের কিওয়ার্ড ব্যবহার করতেই হবে। আমরা ব্লগ দিয়ে দেখব কীভাবে ইমেজ অপটিমাইজ করা যায়। আপনারা ড্রিমওয়েভার বা সিএমএস দিয়ে সাইট করতে গেলেও একই অপশন পাবেন।

এবার ইমেজ সিলেক্ট করুন।


প্রোপার্টিজে ক্লিক করুন।




চিত্র-০৭

টাইটেল লেখার সময় একটি কিওয়ার্ড ইনসার্ট করুন এবং alt text-এর ভেতরেও তাই করুন এবং Ok বাটনে ক্লিক করুন।

এবার আবার ইমেজ সিলেক্ট করুন এবং Add Caption-এ ক্লিক করুন। ইমেজের শিরোনাম লিখুন এবং Ok বাটনে ক্লিক করুন কজ




ফিডব্যাক : mentorsystms@gmail.com